

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৫০

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ يُحِبُّ أَنْ يُرَى أَثَرَ نِعْمَتِهِ على عَبده» . رَوَاهُ التِّرْمِذِيّ

বাংলা

৪৩৫০-[৪৭] 'আমর ইবনু শু'আয়ব (রহঃ) তাঁর পিতা হতে, তিনি তাঁর দাদা হতে বর্ণনা করেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা এটা পছন্দ করেন যে, তিনি যে নি'আমাত বান্দাকে দান করেছেন, তার নিদর্শন যেন তার উপর প্রকাশ পায়। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ২৮১৯, শারহুস্ সুরাহ্ ৩১১৮, আল জামি'উস্ সগীর ২৭৬৮, সহীহুল জামি' ১৮৮৭, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৬২৬, তাহ্কীক মুসনাদে আহমাদ ১৯৯৪৮, শু'আবুল ঈমান ১৬২৬, তাহ্কীক মুসনাদে আহমাদ ১৯৯৪৮, শু'আবুল ঈমান ৬১৯৬, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এখানে আল্লাহর নি'আমাত বলতে বান্দাকে দেয়া তার ইহসান, অনুগ্রহ ও মর্যাদা বুঝানো হয়েছে। আল্লাহর দেয়া এসব নি'আমাত প্রকাশ করার অর্থ হচ্ছে হচ্ছে সে সবের শুকরিয়া আদায় করা আর এসব নি'আমাত গোপন করার অর্থ হচ্ছে সেসব অস্বীকার করা। মুযহির বলেনঃ আল্লাহ তা'আলা যখন তার কোন বান্দাকে তার পক্ষ থেকে দুনিয়ার কোন নি'আমাত দান করেন, অতঃপর আল্লাহর পক্ষ থেকে তার প্রতি প্রদন্ত নি'আমাত প্রকাশ করণার্থে তার মর্যাদা ও অবস্থানের সাথে প্রযোজ্য কোন পোশাক পরিধান করে এবং যাকাত-সাদাকা প্রত্যাশীরা যেন চিনতে পারে সেজন্য তার প্রতি আল্লাহ প্রদন্ত নি'আমাত প্রকাশ করে। একইভাবে 'আলিমগণও তাদের নিকটে থাকা জ্ঞান প্রকাশ করবে যাতে সাধারণ মানুষ তাদের থেকে জ্ঞান অর্জন করে উপকার লাভ করতে পারে।



মোটকথা হচ্ছে, যাকে যে নি'আমাত প্রদান করা হয়েছে সে অনুযায়ী পোশাক-পরিচ্ছদ ব্যবহার করা আল্লাহ পছন্দ করেন। (তুহফাতুল আহ্ওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৮১৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন